ওয়ার্নারের ঝড়ো ব্যাটিংয়ে অস্ট্রেলিয়ার জয়

ডেভিড ওয়ার্নারের ঝড়ো ব্যাটিংয়ে ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে জয় দিয়ে তিন ম্যাচের টি-টোয়েন্টি সিরিজ শুরু করেছে অস্ট্রেলিয়া। শুক্রবার (৯ ফেব্রুয়ারি) সিরিজের প্রথম ম্যাচে অস্ট্রেলিয়া ১১ রানে হারিয়েছে ওয়েস্ট ইন্ডিজকে। ৭০ রানের ইনিংস খেলে ম্যাচ সেরা হন ওয়ার্নার।

হোবার্টে টস হেরে প্রথমে ব্যাট করতে নামা অস্ট্রেলিয়াকে ৪৮ বলে ৯৩ রানের সূচনা এনে দেন দুই ওপেনার ওয়ার্নার ও জশ ইংলিশ। এরমধ্যে মাত্র ২২ বলে ক্যারিয়ারের শততম টি-টোয়েন্টি ম্যাচে ২৫তম ফিফটি পূর্ণ করেন ওয়ার্নার। ২৫ বলে ৩৯ রান করা ইংলিশকে বিদায় করে অষ্টম ওভারে অস্ট্রেলিয়ার উদ্বোধনী জুটি ভাঙ্গেন ওয়েস্ট ইন্ডিজের পেসার জেসন হোল্ডার।

মিডল অর্ডার ব্যাটাররা বড় ইনিংস খেলতে ব্যর্থ হলে ১৫৯ রানে পঞ্চম উইকেট হারায় অস্ট্রেলিয়া। অধিনায়ক মিচেল মার্শ ১৬, গ্লেন ম্যাক্সওয়েল ১০, মার্কাস স্টনিয়াস ৯ রান করেন। ওয়ার্নার ৩৬ বলে ৭০ রান করে আউট হন।

ষষ্ঠ উইকেটে ২৩ বলে ৫০ রান তুলে অস্ট্রেলিয়াকে ৭ উইকেটে ২১৩ রানের বড় সংগ্রহ এনে দেন টিম ডেভিড ও উইকেটরক্ষক ম্যাথু ওয়েড। এই প্রথম ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে টি-টোয়েন্টিতে ২শ রানের কোটা র্স্পশ করলো অস্ট্রেলিয়া। ১৭ বলে অপরাজিত ৩৭ রান করেন ডেভিড। আর ১৪ বলে ওয়েড করেন ২১ রান। ওয়েস্ট ইন্ডিজের আন্দ্রে রাসেল ৩টি ও আলজারি জোসেফ ২টি উইকেট নেন।

২১৪ রানের টার্গেটে ওয়েস্ট ইন্ডিজকে উড়ন্ত শুরু এনে দেন দুই ওপেনার ব্রান্ডন কিং ও জনসন চালর্স। ৬টি চার ও ১টি ছক্কায় ২৫ বলে ৪২ রান করা চার্লসকে আউট করে অস্ট্রেলিয়াকে প্রথম উইকেট উপহার দেন স্পিনার অ্যাডাম জাম্পা। টি-টোয়েন্টিতে নবম হাফ সেঞ্চুরি তুলে ৫৩ রানে আউট হন কিং। পেসার মার্কাস স্টনিয়াসের শিকার হওয়ার আগে ৩৭ বলে ৭টি চার ও ১টি ছক্কা মারেন কিং।

১১তম ওভারে দলীয় ১০০ রানে দুই ওপেনারের বিদায়ের পর ওয়েস্ট ইন্ডিজের মিডল অর্ডার ব্যাটাররা সুবিধা করতে পারেনি। নিয়মিত

বিরতিতে উইকেট হারিয়ে ১৬৩ রানে অষ্টম ব্যাটারকে হারিয়ে লড়াই থেকে ছিটকে পড়ে ওয়েস্ট ইন্ডিজ। এ পর্যায়ে ২ উইকেট হাতে নিয়ে শেষ ১৫ বলে ৫১ রানের দরকার পড়ে ওয়েস্ট ইন্ডিজের।

এ অবস্থায় শেষ দিকে ব্যাট হাতে ঝড় তুলেছেন হোল্ডার। কিন্তু ৩টি চার ও ২টি ছক্কায় ১৫ বলে হোল্ডারের অপরাজিত ৩৪ রানেও হার এড়াতে পারেনি ওয়েস্ট ইন্ডিজ। ২০ ওভার ৮ উইকেটে ২০২ রানের করে ক্যারিবীয়রা। অস্ট্রেলিয়ার জাম্পা ৩টি ও স্টনিয়াস ২টি উইকেট নেন। ১-০ ব্যবধানে এগিয়ে থেকে আগামী ১১ ফেব্রুয়ারি অ্যাডিলেডে ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে সিরিজের দ্বিতীয় টি-টোয়েন্টি খেলতে নামবে অস্ট্রেলিয়া।

সূত্র: ইত্তেফাক

অনূর্ধ্ব-১৯ নারী সাফ চ্যাম্পিয়নশিপ ফাইনালে বাংলাদেশ-ভারত

২০১৮ সালে অনূর্ধ্ব-১৮ নারী সাফ চ্যাম্পিয়নশিপ অনুষ্ঠিত হয় ভুটানে, বাংলাদেশ চ্যাম্পিয়ন হয়েছিল। ২০২১ সালে এই টুর্নামেন্টই অনূর্ধ্ব-১৯ বছরের খেলোয়াড়দের নিয়ে, সেবারও বাংলাদেশ চ্যাম্পিয়ন হয়। ২০২২ সালে আবার অনূর্ধ্ব-১৮ বছর বয়সের খেলোয়াড়দের নিয়ে হয়, প্রথমবার চ্যাম্পিয়ন হয় ভারত, রানার্সআপ হয় বাংলাদেশ। ২০২৩ সালে অনূর্ধ্ব-২০ বছর বয়সের খেলোয়াড়দের নিয়ে সাফ নারী চ্যাম্পিয়নশিপ হয় বাংলাদেশে। সেবারও বাংলাদেশ চ্যাম্পিয়ন হয়েছিল।

এ বছর আবার সেই সাফ অনূর্ধ্ব-১৯ বছর বয়সী খেলোয়াড়দের নিয়ে হচ্ছে। আবার বাংলাদেশ ফাইনালে খেলছে। ভারতের বিপক্ষে তিনবার ফাইনাল খেলছে বাংলাদেশ। এর মধ্যে ভারতকে হারিয়ে একবার চ্যাম্পিয়ন হয়েছে বাংলাদেশ। নেপালকে হারিয়ে দুই বার চ্যাম্পিয়ন হয়েছে বাংলাদেশ। বিভিন্ন সময় বয়স পরিবর্তন হলেও চারবারই বাংলাদেশ ফাইনাল খেলেছে এবং আজকে চতুর্থবার নারী ফুটবলের এই ফাইনালে খেলছে

বাংলাদেশ।

এসবের দিকে নজর নেই ভারতের। ভারতীয় নারী কোচ শুক্লা দত্ত জানিয়েছেন তারা সাফের প্রতিশোধ নিতে এসেছেন। মরিয়া হয়ে টুর্নামেন্টে লড়াই করছেন। একই সঙ্গে এটাও বলছেন এই টুর্নামেন্টের অতীতে কি হয়েছে সেটা নিয়েও তিনি ভাবছেন না। কোচ বলেন, ‘আমরা ভয় পাচ্ছি না। আমার মেয়েরা বুঝতে পারছে তারা কোথায় ভুল করেছে। আমি উইনিং মেন্টালিটি নিয়ে চলি। মেয়েদের মধ্যেও সেটি দেওয়ার চেষ্টা করি।’

ফরিদপুরের মেয়ে শুক্লা দত্ত। বাংলাদেশে আসলে তিনি নিজের দেশ মনে করেন। কিন্তু খেলার যুদ্ধে এসে তার দলের বাইরে অন্য কিছু ভাবতে রাজি না। তাই পদ্মা ব্রিজ হয়ে এক ঘণ্টার পথ হলেও একবারও বাপ-দাবার ভিটেয় উকি দেওয়ার প্রয়োজন মনে করেননি শুক্লা দত্ত। তিনি বলেছেন, ‘আমি দল নিয়ে ভাবছি। যখন গুরুতে আসব তখন দেখা যাবে।’

চার দলের লড়াইয়ে ভারত তিন ম্যাচ জিতে ফাইনালে উঠেছে, বাংলাদেশও তিন ম্যাচ জিতে ফাইনালে উঠেছে। বাংলাদেশের জন্য সবচেয়ে বড় পরীক্ষা হবে তারা নিজেদের মাঠে খেলছে। কোচ সাইফুল বারী টিটু জানিয়েছেন নিজেদের মাঠে খেললেও প্রয়োজনের সময় কতোটুকু সুবিধা নিতে পারল সেটাই প্রমাণ করতে হবে। নিজের মাঠে সারা বছর অনুশীলন হয়। মাঠ চেনানোর কোনো সুযোগ নেই। নিজেদের মাঠের সুবিধা সময়মতো কাজে লাগাতে পারলে মাঠের এডভান্টেজ নেওয়ার গুরুত্ব থাকবে।’

নেপালকে হারিয়েছে ৩-১ গোলে হারিয়েছে বাংলাদেশ, দ্বিতীয় ম্যাচে ভারতকে ১-০ গোলে হারিয়ে ফাইনালের টিকিট সেদিনই নিশ্চিত করেছিল অধিনায়ক আফঈদা খন্দকার, সুরমা জান্নাত, স্বপ্না রানী, পূঁজা দাস, সাগরিকা, মুনকি আক্তার, উমেহ্লা মারমা, বন্যা খাতুন, জয়নব বিবি, সাগরিকারা। ভুটানের বিপক্ষে তৃতীয় ম্যাচে ৯ ফুটবলারকে বসিয়ে বেঞ্চের ৯ ফুটবলারকে নামান কোচ। তাতেও বাংলাদেশ বারুদ ফুটবল খেলল। লিমা, সুলতানা, নাদিয়া, রিতু, মিতু, ঐশী, জুথী, তৃষ্ণা রানী, রুমা, কানন রানীরা বেঞ্চ থেকে উঠে এসে ৪-০ গোলে ভুটানকে হারিয়ে দিলেন। বেঞ্চের মেয়েরাও দারুণ ফুটবল খেলল।

বিশ্রামে থাকা মুল দলটি নতুন উদ্যামে আজ মাঠে নামবে। ভারত কতোটুকু শক্তিশালী তার প্রমাণ মিলবে আজ। তাদের ঘরে ইস্টবেঙ্গল ক্লাবের ৮ জন ফুটবলার রয়েছেন বলে মঙ্গলবার নেপালকে হারিয়ে সংবাদ

সম্মেলন শেষে বলছিলেন। শুক্লা দত্ত বাংলাদেশকে দেখেছেন। তারা দলের সঙ্গে বিশ্লেষক এনেছে। বাংলাদেশ কোথায় দুর্বল এবং কোথায় শক্তিশালি তা নিয়ে ছক এঁকেছেন। এখন সেটি মাঠে প্রমাণ করার পালা। অন্য দিকে কোচ টিটু একটা কথা বলেছেন, ‘মেয়েরা ভেতরে শক্তি আছে। মানসিক শক্তি আছে। এখন সেটা কাজে লাগানোর অপেক্ষা।’

ঝিনাইদহে অনুষ্ঠিত হয়ে গেল বিলুপ্ত গ্রামীণ খেলা

ঝিনাইদহের হরিণাকুন্ডুতে শেফালী আমিন ফাউন্ডেশনের আয়োজন দিনভর অনুষ্ঠিত হয়ে গেল গ্রাম বাংলার ঐতিহ্যবাহী নানা রকম খেলার প্রতিযোগিতা।

বড় একটি বৃত্তের মধ্যে দাড়িয়ে আছে ৭ জন শিক্ষার্থী। তাদের থেকে একটু দুরে আরেটি বৃত্তে পৌঁছাতে হবে নির্ধারিত এক শিক্ষার্থীকে। কিন্তু তাকে বাঁধ সাধছে প্রতিপক্ষ আরও ৭ জন শিক্ষার্থী। বৃত্তের ভেতর অবস্থানকারী দলের একজন করে চি দিয়ে বৃত্তের বাইরের দলের সদস্যদের তাড়া করছে। প্রতিপক্ষের কোন খেলোয়াড়কে ছুঁয়ে দিতে পারে তবে সে আউট হবে। এর মাঝে নির্ধারিত শিক্ষার্থী দুরের বৃত্তে পৌঁছাতে পারলে হবে একটি গেম। যার নাম বৌচি খেলা। অপরদিকে চলছে স্লো সাইকেল রেচ। যাতে অংশ নেয় অর্ধশত শিক্ষার্থী, অভিভাবকসহ অতিথিরা। নির্ধারিত দুরুত্বে সাইকেল থেকে পা না নামিয়ে সবার শেষে যেতে পারলে সে হচ্ছে প্রথম।

এমনই গ্রামীণ সব খেলার আয়োজন হয়ে গেলো ঝিনাইদহের হরিণাকুন্ডু উপজেলার দৌলতপুর ইউনিয়নের পারদখলপুর কলিম উদ্দিন বিশ্বাম একাডেমী মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে। দিনভর এমন আয়োজনে অংশ নেয় শত শত শিক্ষার্থী ও তাদের অভিভাবকরা।

প্রায় হারিয়ে যাওয়া গাদন বা গাদি খেলায় অংশ নেয় শিক্ষার্থী ও গ্রামবাসী। সিনিয়র জুনিয়র দু’গ্রুপে ভাগ হয়ে অংশ নেয় তারা। একটি ঘর থেকে বের হয়ে ৩ টি বাধা অতিক্রম করে আবারো সেই ঘরে পৌছানোর উত্তেজনাপুর্ণ এই খেলা। হাত তালি দিয়ে এতে উৎসাহ দেন শত শত

দর্শক।

শেফালী আমিন ফাউন্ডেশনের আয়োজন দিনভর অনুষ্ঠিত হয় নানা ক্রীড়া প্রতিযোগিতা। এতে অংশ নিতে পেরে ও খেলা দেখে অভিভুত শিক্ষার্থী ও গ্রামবাসী।

কলিম উদ্দিন বিশ্বাম একাডেমী মাধ্যমিক বিদ্যালয়ের ৮ম শ্রেণীর শিক্ষার্থী মিম আক্তার জানান, গ্রাম বাংলার ঐতিহ্যবাহী নানা রকম খেলা আমাদের বিদ্যালয়ে অনুষ্ঠিত হওয়ায় আমরা অনেক আনন্দ উপভোগ করছি। যা আমার খুব ভালো লাগছে।

পারদখলপুর গ্রামের বাসিন্দা আবুল কালাম জানান, অনেক দিনপর গ্রাম বাংলার হারিয়ে যাওয়া গাদন বা গাদি খেলা দেখার জন্য এখানে এসেছি। খেলাটি দেখে আমি অনেক আনন্দ উপভোগ করেছি। তাই এমন সুন্দর একটি আয়োজন করায় আয়োজকদের আমার পক্ষ থেকে অনেক অনেক ধন্যবাদ জানাই। একইসাথে আগামীতে এমন আয়োজন করবেন বলে আশা করি।

শেফালী আমিন ফাউন্ডেশনের চেয়ারম্যান অনুষ্ঠানের আয়োজক মেজর (অব:) মাহফুজুর রহমান জানান, আলোকিত ও বিকশিত মানুষ গড়ার লক্ষ্যেই আমার এই আয়োজন। আগামীতেও ঝিনাইদহ সদর ও হরিণাকুন্ডু উপজেলার প্রতিটি ইউনিয়নের শিক্ষা প্রতিষ্ঠান গুলোতে এ ধরণের আয়োজন পর্যায়ক্রমে করা হবে বলে জানান তিনি।

দিনভর অনুষ্ঠিত নানা ক্রীড়া প্রতিযোগিতায় চ্যানেল ঝিনাইদহ ভিশনের সম্পাদক ও আনন্দ টিভির ঝিনাইদহ প্রতিনিধি জাফিরুল ইসলাম এর সঞ্চালনায় কলিম উদ্দিন বিশ্বাম একাডেমী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ জামাল উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন হরিণাকুন্ডু উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ আক্তার হোসেন, দৌলতপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আবুল কালাম আজাদ, সোনাতনপুর পুলিশ ফাড়ির ইনর্চাজ চঞ্চল হোসেনসহ শিক্ষার্থী ও গ্রামবাসী।

দিনভর আয়োজনের মধ্যে ছিলো দাঁড়িয়া বাধা, বৌচি, সুচে সুই পরানো, বালিশ বদল, দড়ির উপর লাফ, ভারসাম্য দৌড়, অঙ্কের দৌড়, দাবা খেলা, মোরগ লড়াইসহ নানা গ্রামীণ খেলায় অংশ নেয় কলিমউদ্দিন বিশ্বাস একাডেমিসহ ওই এলাকার ৪ টি শিক্ষা প্রতিষ্ঠানের ৩ শতাধিক শিক্ষার্থী ও অভিভাবকরা। খেলা শেষে বিভিন্ন ইভেন্টে অংশ নেওয়া বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

বেঞ্চের ফুটবলারদের সঙ্গেও পারল না ভুটান

সাফ অনূর্ধ্ব-১৯ নারী চ্যাম্পিয়নশিপের গত আসরের ফাইনালে ভারতকে ১-০ গোলে হারিয়ে বাংলাদেশ চ্যাম্পিয়ন হয়েছিল। এবারও সেই বাংলাদেশ-ভারত ফাইনালে। আগামীকাল ফাইনাল, কমলাপুর স্টেডিয়ামে।

ভুটানের বিপক্ষে হারানোর কিছু ছিল না বাংলাদেশের। এক ম্যাচ হাতে রেখেই ফাইনাল নিশ্চিত করায় বাংলাদেশ অনূর্ধ্ব-১৯ নারী দলের কোচ সাইফুল বারী টিটু কাল ভুটানের বিপক্ষে সাইড বেঞ্চে থেকে ৯ জন ফুটবলার নামিয়ে দিয়েছেন, যাদের অনেকেরই অভিষেক হয়েছে কাল। বিশ্রামে ছিলেন অধিনায়ক আফঈদা খন্দকার প্রান্তি, জয়নব বিবি, সুরমা জান্নাত, মুনকি আক্তার, স্বপ্না রাণী, ৩ গোল করা সাগরিকা, পূজা, ইতি।

৯ জন নেই, তাতেই ভুটান কুপোকাত। ভুটান আসরটিতে তাদের ৩ ম্যাচের সবকয়টি হারল। গতকাল নিয়ম রক্ষার শেষ ম্যাচে বাংলাদেশের কাছে ৪-০ গোলে হেরে সাফ শেষ করল তারা। এর আগে ভারতের কাছে ১০-০, নেপালের কাছে ১-০ গোলে হেরেছিল। ভুটানের ফুটবলাররা বেশ শক্তিশালী, সুঠাম দেহ, কিন্তু স্কিল কম। ম্যাচের তৃষ্ণা রানী বক্সের ভেতরে বল রিসিভ করতে গিয়ে গোল হয়ে গেল। এই হলো ভুটানের রক্ষণভাগ এবং গোলরক্ষক। প্রধমার্ধে ২-০ গোলে এগিয়ে ছিল বাংলাদেশ।

নুসরাত জাহান মিতু এবং ঐশী গোল করেন। সেই দুটি গোলও যে খুব কঠিন চেষ্টায় হয়েছিল তাও না। গোলের কৃতিত্ব যতটুকু তার চেয়ে ভুটানের দুর্বলতা বেশিই ছিল। ম্যাচের চতুর্থ গোলটিও গোলরক্ষক এবং রক্ষণভাগের ভুল বুঝাবুঝিতে বল বেরিয়ে গেলে আবার সেই ঐশী গোল করেন, ৪-০। ঐশী দুই গোল করেছেন, গোল করিয়েছেন দুটি। ম্যাচ জেতার আনন্দে মেতে উঠলেন স্বর্ণা, রুমা, ঐশী, নুসরাত জাহান মিতু, নাদিয়া, তৃষ্ণা রানী, কানন রানী, লুত্ফরা আক্তার, উমেহ্লা, রিতু, সুলতানা, রিতুরা।

ভারত ৪ গোলে জয়ী

ফাইনালে কাকে পাবে সেই অপেক্ষায় ছিল বাংলাদেশ। লড়াইয়ে ছিল ভারত ও নেপাল। ড্র হলেই ভারত ফাইনালে, নেপালকে জিততেই হবে। এই সমীকরণ নিয়ে খেলতে নেমে ভারত ৪-০ গোলে নেপালকে উড়িয়ে দিয়েছে। চার দেশের সাফ। নেপাল প্রথম খেলায় বাংলাদেশের কাছে ৩-১ গোলে হেরে দ্বিতীয় খেলায় ভুটানকে ১-০ গোলে হারিয়েছিল।

নেপালকে হারিয়ে ভারতের নারী কোচ শুক্লা দত্ত জানালেন, আমাদের লক্ষ্য ছিল নেপালকে হারিয়ে ফাইনালে যেতে হবে। স্কোর করতে হবে। আমরা হ্যাপি।’ ম্যাচের প্রথমার্ধে যতটা ভালো খেলেছে, দ্বিতীয়ার্ধে দলটার গতি কমে গিয়েছিল। শুক্লা দত্ত বললেন, ‘একটা ম্যাচের পর ৪৮ ঘণ্টা বিশ্রাম দরকার। সেটা তো হচ্ছে না। ক্লান্তি আসবেই।’ বাংলাদেশের বিপক্ষে ফাইনালে ১-০ গোলে হারের কথা মনে করিয়ে দিলে শুক্লা দত্ত বললেন,‘কে কী খেলেছে, কে কবে জিতেছে সেটা ম্যাটার করে না। এখন কী করব সেটাই বলুন। বাংলাদেশ ভালো, আমি পজিটিভ দেখছি।’

অলিম্পিক বাছাইপর্বে ব্রাজিলের হার, আর্জেন্টিনার ড্র

২০২৪ প্যারিস অলিম্পিকে দক্ষিণ আমেরিকা অঞ্চলের চূড়ান্ত বাছাই পর্বে নিজেদের প্রথম ম্যাচে একই দিনে আলাদা প্রতিপক্ষের মুখোমুখি হয়েছিল ব্রাজিল ও আর্জেন্টিনা। প্যারাগুয়ের বিপক্ষে মাঠে নেমেছিল ব্রাজিল। আর ভেনেজুয়েলার মোকাবিলা করেছিল আর্জেন্টিনা। ১-০ গোলে হেরে মাঠ ছেড়েছে সেলেসাওরা। অন্যদিকে ২-২ গোলে ড্র করেছে আলবিসেলেস্তারা।

মঙ্গলবার (৬ ফেব্রুয়ারি) বাংলাদেশ সময় সকালে এস্তাদিও ব্রিদিগো ইরিয়ার্তে মাঠে নামে ব্রাজিল-প্যারাগুয়ে। ৩৫ ফাউলের ম্যাচে পুরো আধিপত্য বজায় রাখে প্যারাগুয়ে। যদিও বল পজিশনে এগিয়ে ছিল ব্রাজিলের যুবারা।

ম্যাচের ২৮ মিনিটে পেনাল্টি থেকে গোল করতে ব্যর্থ হয় ব্রাজিলের বিস্ময়বালক এনদ্রিকে। অন্যদিকে প্রথমার্ধের শেষ মিনিটে গোল করে

প্যরাগুয়েকে এগিয়ে দেন পেরাল্টা রামিরেজ। শেষ পর্যন্ত এই গোলেই জয় নিশ্চিত করে প্যারাগুয়ে।

এস্তাদিও ব্রিদিগো ইরিয়ার্তে দিনের দ্বিতীয় ম্যাচে মাঠে নামে আর্জেন্টিনা-ভেনেজুয়েলা। পাগলাটে এক ম্যাচ দেখেছে ফুটবলভক্তরা। তিন লালকার্ড আর দুই আত্মঘাতী গোলের ম্যাচে ড্র করে মাঠ ছেড়েছে হ্যাভিয়ের মাশ্চেরানোর শিষ্যরা।

২ ফাউলের ম্যাচে শুরুতেই এগিয়ে যায় ভেনেজুয়েলা। ভেনেজুয়েলার আক্রমণ থেকে বল ক্লিয়ার করতে গিয়ে নিজেদের জালে বল ঢুকিয়ে দেন আলবিসেলেস্তে গোলরক্ষক লিয়ান্দ্রো ব্রে। তবে প্রথমার্ধেই আত্মঘাতি গোলের কল্যাণে ম্যাচে সমতায় ফেরে আর্জেন্টিনা। ম্যাচের ৩৯তম মিনিটে ভেনেজুয়েলার কার্লোস ভিভাস নিজেদের জাল বল ঢুকিয়ে দিলে ১-১ গোলে সমতায় ফেরে।

বিরতির পর ম্যাচের ৬১তম মিনিটে আর্জেন্টিনাকে লিড এনে দেন অধিনায়ক থিয়াগো আলমাদা। পাবলো সোলারির অ্যাসিস্ট থেকে গোল করেন তিনি। আর্জেন্টিনা যখন জয়ের স্বপ্নে বিভোর তখনই পেনাল্টি পায় ভেনেজুয়েলা। সেখান থেকে সফল স্পট কিকে গোল করে ম্যাচে সমতায় ফেরান কেভিন কেলসি।

সূত্র: ইত্তেফাক

অবশেষে জয়ের দেখা পেলো মায়ামি

সম্প্রতি সময়টা খুব একটা ভালো যাচ্ছিল না আর্জেন্টিনার বিশ্বকাপ জয়ী অধিনায়ক লিওনেল মেসির ক্লাব ইন্টার মায়ামির। গেল কয়েক দিন আগে সৌদি আরবে রিয়াদ সিজন কাপ ২০২৪ এর ম্যাচে সৌদি ক্লাব আল-হিলালের কাছে ৪-৩ গোলে হারের পর ক্রিশ্চিয়ানো রোনালদোর ক্লাব আল-নাসরের সঙ্গে ৬-০ গোলের বিশাল ব্যবধানে হারে মেসির মায়ামি। যদিও ঐ ম্যাচে ছিলেন না রোনালদো। ব্যর্থতার বোঝা সঙ্গে নিয়েই সৌদি ছেড়ে হংকংয়ে গিয়ে অবশেষে সফলতার মুখ দেখল ইন্টার মায়ামি।

গতকাল হংকং একাদশকে তাদের ঘরের মাটিতে ৪-১ গোলে হারিয়ে আবারও

জয়ে ফিরল যুক্তরাষ্ট্রের ক্লাবটি। যদিও এই ম্যাচে মাঠে নামেননি ক্লাবটির সবচেয়ে তারকা ফুটলার লিওনেল মেসি। তবে ম্যাচের আগে দিন আর্জেন্টাইন সুপারস্টারের অনুশীলন দেখতে গ্যালারি ছিল দর্শকঠাসা।

রবিবার হংকং একাদশের বিপক্ষে ম্যাচে ৪০ মিনিটে স্বাগতিকদের জালে প্রথম বল জড়ায় রবার্ট টেলর। যদিও বিরতিতে যাওয়ার আগে গোল শোধ করে স্বাগতিকরা। ম্যাচের দ্বিতীয়ার্ধে ৫০ মিনিটের মাথায় হংকংয়ের জালে বল জড়ায় লসন সাদারল্যান্ড। এর পাঁচ মিনিটের মধ্যেই আবারও সফরকারীদের হয়ে গোল করেন লিওনার্দো কাম্পানা। এদিন ইন্টার মায়ামির হয়ে শেষ গোলটি করেন রায়ান সেইলর। সেই সঙ্গে ৪-১ গোলের ব্যবধানের জয় নিয়ে মাঠ ছাড়েন মেসিরা।

সূত্র: ইত্তেফাক

দ্বিতীয়বার বাবা-মা হবেন কোহলি-আনুশকা,জানালেন ভিলিয়ার্স

২০২১ সালে প্রথম কন্যাসন্তানের বাবা-মা হন ভারতীয় তারকা ক্রিকেটার বিরাট কোহলি ও বলিউড অভিনেত্রী আনুশকা শর্মা। এবার দ্বিতীয়বারের মতো বাবা-মা হতে যাচ্ছেন এই দম্পতি। অনেকদিন ধরেই বিষয়টি নিয়ে গুঞ্জন চলছিল। সম্প্রতি তা নিশ্চিত করেছেন কোহলির ঘনিষ্ঠ ও দক্ষিণ আফ্রিকার সাবেক অধিনায়ক এবি ডি ভিলিয়ার্স।

পারিবারিক কারণে খেলার বাইরে আছেন কোহলি। নিজের ইউটিউব চ্যানেলে প্রকাশ করা এক ভিডিওতে ভিলিয়ার্স বলেন, ‘আমি যতদূর জানি, ওদের পরিবারে সব ঠিক আছে। পরিবারের সঙ্গে একটু বেশি সময় কাটাচ্ছে কোহলি। সেই কারণেই প্রথম দুই টেস্টে (ইংল্যান্ডের বিপক্ষে) ও (কোহলি) খেলছে না। আমি ওকে মাঠে দেখার জন্য মুখিয়ে আছি।’

এরপরই কোহলি-আনুশকা দম্পতির আসন্ন সন্তানের খবর ফাঁস করেন ডি প্রোটিয়া কিংবদন্তি আরও বলেন, ‘আমি বিরাটের সঙ্গে কথা বলছিলাম।

তখনই জানতে পারি। আনুশকা দ্বিতীয়বার মা হতে চলেছে। তাই এই সময় ওর পাশে থাকা বিরাটের কর্তব্য। ক্রিকেটার হলেও পরিবার সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ। সবাই সেটাই করে। বিরাটও করছে। এর জন্য ওর ক্রিকেটের প্রতি ভালবাসা নিয়ে প্রশ্ন তোলার কোনো মানে নেই।’

সূত্র: ইত্তেফাক

নিয়ম রক্ষার ম্যাচে জিততে পারল না আর্জেন্টিনা

কনমেবল প্রাক-অলিম্পিক বাছাইয়ের দ্বিতীয় পর্ব আগেই নিশ্চিত করেছে আর্জেন্টিনা অনূর্ধ্ব-২৩ দল। গ্রুপ পর্বের প্রথম ম্যাচ ড্রয়ের পর দ্বিতীয় ও তৃতীয় ম্যাচে বড় জয়ে দক্ষিণ আমেরিকা অঞ্চলের বাছাইয়ের মূল পর্ব নিশ্চিত করে আলবিসেলেস্তেরা। তাই গ্রুপ পর্বের শেষ ম্যাচটি ছিল নিয়ম রক্ষার।

নিয়মরক্ষার হলেও এই ম্যাচের ওপর নির্ভর ছিল গ্রুপ চ্যাম্পিয়ন হওয়া। ‘বি’ গ্রুপের সেই লড়াইয়ে উরুগুয়ের সঙ্গে ৩-৩ গোলে ড্র করেছে মেসি-ডি মারিয়াদের উত্তরসূরীরা। জয় না পেলেও শেষ পর্যন্ত আর্জেন্টিনাই গ্রুপ চ্যাম্পিয়ন হয়ে চূড়ান্ত বাছাই নিশ্চিত করে।

শনিবার বাংলাদেশ সময় ভোর ৫টায় মাঠে গড়ায় ম্যাচটি। ম্যাচের সপ্তম মিনিটেই উরুগুয়ের জালে বল জড়ায় আর্জেন্টিনা। আলবিসেলেস্তেদের শুভ সূচনা এনে দেন বালতাসার লুইস রদ্রিগেজ। চার মিনিট পর আবারও গোলের দেখা পায় আর্জেন্টিনা। অ্যারন ফ্যাকুন্ডো কুইরোজের গোলে ১১ মিনিটে ২-০ গোলে এগিয়ে যায় তারা।

ম্যাচের ১৯তম মিনিটে লুসিয়ানো রদ্রিগেজের গোলে ব্যবধান ২-১ এ নামায় উরুগুয়ে। কিন্তু ২৫তম মিনিটে তা ৩-১ ব্যবধানে নেয় আর্জেন্টিনার ফ্রান্সিসকো অগাস্টিন গঞ্জালেজ। প্রথমার্ধে ৪১ মিনিট পর্যন্ত ব্যবধানটাও এমন ছিল। তবে বিরতির ৯ মিনিট আগে আর্জেন্টিনার জালে দ্বিতীয়বার বল জড়ান উরুগুয়ে। সিজার আরাউজো গোলে ব্যবধান নামায় ২-১ এ।

দ্বিতীয়ার্ধের শুরু থেকেই জয়ের সন্ধানে থাকে দুই দল। ম্যাচের ৬১তম মিনিটে উরুগুয়ের মাতিয়াস আবল্ডো গোল করে ম্যাচ ফলাল নির্ধারণ করেন ৩-৩ এ। শেষ পর্যন্ত আর কোনো দলই গোলের দেখা পায়নি। তাই ড্র নিয়েই মাঠ ছাড়তে হয় উভয় দলকে।

চলমান প্রাক-অলিম্পিক টুর্নামেন্টের চূড়ান্ত পর্বের জন্য চার দল নিশ্চিত হয়েছে। গ্রুপ ‘এ’ থেকে চূড়ান্ত পর্বে জায়গা পেয়েছে ব্রাজিল ও স্বাগতিক ভেনেজুয়েলা। আর গ্রুপ ‘বি’ থেকে জায়গা নিশ্চিত করেছে আর্জেন্টিনা ও প্যারাগুয়ে।

মূল বাছাইপর্বে ‘বি’ গ্রুপ চ্যাম্পিয়ন আর্জেন্টিনার প্রথম ভেনেজুয়েলার সঙ্গে ৫ ফেব্রুয়ারি। একইদিন ‘এ’ গ্রুপ চ্যাম্পিয়ন ব্রাজিল মুখোমুখি হবে প্যারাগুয়ের। ৮ ফেব্রুয়ারি আর্জেন্টিনা প্রতিপক্ষ প্যারাগুয়ের এবং ব্রাজিলের ভেনেজুয়েলা। সবশেষ ১১ ফেব্রুয়ারি মুখোমুখি হবে ভেনেজুয়েলা ও প্যারাগুয়ে এবং চিরপ্রতিদ্বন্দ্বী ব্রাজিল ও আর্জেন্টিনা।

চূড়ান্ত পর্বের চার দল থেকে পয়েন্ট টেবিলের শীর্ষ দুই দল খেলবে ২০২৪ প্যারিস অলিম্পিকে।

সূত্র: যুগান্তর

ছষ্ঠ ম্যাচে জয়ের দেখা পেলো সিলেট

চলমান বাংলাদেশ প্রিমিয়ার লিগে (বিপিএল) সবচেয়ে হতাশজনক পারফরম্যান্স ছিল সিলেট স্ট্রাইকার্সের। প্রথম পাঁচ ম্যাচের পাঁচটিতেই হারে বর্তমান রানার আপরা। অবশেষে টুর্নামেন্টে নিজেদের ষষ্ঠ ম্যাচে এসে জয়ের দেখা পেয়েছে সিলেট। দুর্দান্ত ঢাকাকে ১৫ রানে হারিয়ে টুর্নামেন্টে নিজেদের প্রথম জয় তুলে নিয়েছে তারা।

শুক্রবার (২ ফেব্রুয়ারি) সিলেট আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে টস জিতে সিলেটকে ব্যাটিংয়ে পাঠান ঢাকার অধিনায়ক মোসাদ্দেক সৈকত।

ব্যাট করতে বিপর্যয়ে পড়লেও অধিনায়ক মোহাম্মাদ মিথুনের ফিফটিতে ২০ ওভারে ৮ উইকেট হারিয়ে ১৪২ রান সংগ্রহ করে সিলেট। দলের পক্ষে ৪৬ বলে ৫৯ রান করেন সিলেটের অধিনায়ক।

১৪৩ রানের টার্গেটে ব্যাট করতে নেমে শুরুতেই ধাক্কা খায় ঢাকা। সিলেটের পেসার রিচার্ড নাগাভারার বোলিং তোপে ধুঁকতে থাকে ঢাকার ব্যাটাররা। দলীয় ৫২ রানে ৪ উইকেট হারিয়ে ধুঁকতে থাকে রাজধানীর দলটি।

এরপর সিলেটের বোলারদের সামনে সুবিধা করতে পারেনি ঢাকার কোনো ব্যাটার। নিয়মিত বিরতিতে উইকেট হারাতে থাকে ঢাকা। শেষ দিকে তাসকিন আহমেদের ১১ বলে ২৭ রানের ঝড়ো ইনিংস হারের ব্যবধান কমায়। ২০ ওভারে ৯ উইকেটন হারিয়ে ১২৭ রান সংগ্রহ করে ঢাকা। সিলেটের পক্ষে নাগাভারা নেন ৪টি উইকেট।

সূত্র: ইত্তেফাক

‘শর্ত সাপেক্ষে’ ফেরার ইঙ্গিত ইমাদ ওয়াসিমের

গেল বছরের নভেম্বরে হঠাৎ করেই আন্তর্জাতিক ক্রিকেটকে বিদায় জানিয়েছিলেন পাকিস্তানের অলরাউন্ডার ইমাদ ওয়াসিম। তবে দুই মাস না পেরোতেই অবসর ভেঙে জাতীয় দলে ফেরার ইঙ্গিত দিয়েছেন এই পাক অলরাউন্ডার। তবে কিছু শর্ত জুড়ে দিয়েছেন ইমাদ।

সম্প্রতি পাকিস্তানের একটি গণমাধ্যমকে দেওয়া সাক্ষাৎকারে অবসর ভেঙে আন্তর্জাতিক ক্রিকেটে ফেরার ইঙ্গিত দিয়ে ইমাদ বলেন, ‘আমি শতভাগ নিশ্চিত হয়েই সিদ্ধান্ত নিয়েছিলাম। দিন শেষে এটা আমারই সিদ্ধান্ত। কিন্তু আপনি জানেন না, কখন আপনাকে দলের প্রয়োজন হবে।’

জাতীয় দলের ফেরার ইঙ্গিত দিলেও সঙ্গে একটি শর্ত জুড়িয়ে দিয়েছেন ইমাদ। তিনি আরও বলেন, ‘আমি আমার ভূমিকা সম্পর্কে স্পষ্ট ধারণা

চাই। এটা আমাকে দায়িত্ব দেওয়ার বিষয়, একজন অধিনায়ক হিসেবেই নয়, সিনিয়র খেলোয়াড় হিসেবেও। পাকিস্তান সঠিক ক্রিকেট খেলুক, এটাই আমি চাই, ঠিক সমন্বয় আর ঠিক কৌশলে খেলুক।’

গেল বছরের নভেম্বরে সামজিক যোগাযোগমাধ্যম এক্সে এক বার্তায় অবসরের ঘোষণা দিয়ে ইমাদ বলেছিলেন, ‘গত কয়েক দিনে আমার আন্তর্জাতিক ক্যারিয়ার নিয়ে অনেক ভেবেছি। এরপর এই সিদ্ধান্তে এসেছি যে আন্তর্জাতিক ক্রিকেট থেকে অবসর নেওয়ার এটিই সঠিক সময়। অনেক বছর ধরেই সহায়তা করার জন্য পিসিবিকে ধন্যবাদ দিতে চাই। পাকিস্তানের প্রতিনিধিত্ব করা সত্যিই সম্মানের।’

সূত্র: ইত্তেফাক